গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
বরিশাল বিভাগ, বরিশাল
ddbsl@fireservice.gov.bd

অংশীজনের অংশগ্রহণে ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	মোঃ মিজানুর রহমান, বিএফএম উপপরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল।
সভার তারিখঃ	১৫/১২/২০২২খ্রিঃ।
সভার সময়ঃ	০৯.০০ ঘটিকা।
স্থানঃ	১৩৬ ফজলুল হক এভিনিউ, উপপরিচালকের সম্মেলন কক্ষ।
উপস্থিতিঃ	সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

অত্র দপ্তরের বিভিন্ন পর্যয়ের কর্মকর্তা কর্মচারী ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি ও অন্যান্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর ২০২২-২৩ অর্থবছরের অংশীজনের অংশগ্রহণে সভায় সভাপতি, জনাব মোঃ মিজানুর রহমান, বিএফএম স্বগত বক্তব্যে জানান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বরিশাল বিভাগের বিভিন্ন স্টেশন ও দপ্তরের মাধ্যমে জনগনের জন্য বিভিন্ন সেবা অগ্নি নির্বাপণ উদ্ধার, প্রাথমিক চিকিৎসা সম্পর্কিত অপারেশনাল কার্যক্রম পরিচালনা করা হয় । তাছাড়া জনসচেতনাতা লক্ষ্যে অগ্নি নির্বাপণ উদ্ধার, প্রাথমিক চিকিৎসা বিষয়ক মহড়া, প্রশিক্ষণ নিয়মিত পরিচালনা করা হয়। ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স দপ্তরসমূহের মাধ্যমে ফায়ার লাইসেন্স, ফায়ার রিপোর্ট প্রদান করা হয় । ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড এবং ফায়ার সার্ভিস এর বিভিন্ন সেবা কার্যক্রম তুলে ধরেন। প্রদত্ত সেবাসমূহের মান বজায় রাখা, গুণগত ও পরিমাণগত মানোন্নয়নের লক্ষ্যে সেবাসমূহ সম্পর্কে উপস্থিত বিভিন্ন অংশীজনের সাথে বিভিন্ন কর্যক্রম আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়:

- **জনাব মোঃ নেজহারুল ইসলাম, ম্যনেজিং ডাইরেক্টর, বেঙ্গল হসপিটাল উল্লেখ করেন**

১। ফায়ার সার্ভিস এর অন্যান্য সেবার পাশাপাশি অ্যাম্বুলেন্স সার্ভিসের পরিধি বাড়ানো প্রয়োজন ।
২। ফায়ার সার্ভিস এর বিভাগীয় কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধি করা প্রয়োজন ।
৩। বৈদ্যুতিক দুর্ঘটনা মোকাবেলার লক্ষ্যে জনসচেতনতার জন্য ইলেকট্রিক সেফটি বিষয়ক প্রশিক্ষণ বৃদ্ধি অত্যন্ত জরুরী ।

উত্তরে উপপরিচালক বরিশাল বিভাগ, বরিশাল জানান উল্লিখিত বিষয়ে অধিদপ্তরে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

- **সুব্রত হালদার, এক্সিকিউটিভ, কেমিষ্ট ফার্মাসিটিক্যাল, বরিশাল উল্লেখ করেন**

১। ফায়ার সার্ভিস ও সিভির ডিফেন্স এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে মহড়া পরিচালনার কারণে ব্যাপক সচেতনাতা বৃদ্ধি পেয়েছে এ কার্যক্রম আরো বাড়ানো প্রয়োজন ।
২। ফায়ার সার্ভিস বিভিন্ন সময় অংশীজনের সভা আয়োজন করে থাকে ভবিষ্যতে অংশীজনের সাথে যোগাযোগ আরো বৃদ্ধি করা প্রয়োজন ।

এ প্রেক্ষিতে উপপরিচালক বরিশাল বিভাগ, বরিশাল, জানান রুটিন কার্যক্রম হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে বিভিন্ন স্টেশনের মাধ্যমে মহড়া কার্যক্রম পরিচালনা করা হয় ভবিষ্যতে বিভিন্ন প্রতিষ্ঠানে আরো বেশি কার্যক্রম মহড়া পরিচালনা করা হবে । তাছাড়া প্রতি তিন মাস অন্তর অংশীজনের সভা করা হয় সেটি অব্যাহত থাকবে ।

- **মোঃ সুলতান আরেফিন, সেফটি অফিসার, ফরচুন সুজ লিমিটেড উল্লেখ করেন**

১। বিসিক শিল্পনগরী তে ক্রমশ শিল্প প্রতিষ্ঠান বৃদ্ধি পাচ্ছে । বিসিক এলাকার সুরক্ষা নিশ্চিতকল্পে বিসিক এলাকায় একটি ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন ।

২। ফায়ার সেফটি সেলের মাধ্যমে ফায়ার সেফটি ট্রেনিং এর জন্য আবেদন করলে দ্রুত সাড়া পাওয়া যায়না, তাছাড়া ট্রেনিং শেষে সার্টিফিকেট পেতে অনেক সময় ব্যয় হয় । এ বিষয়ে সকল কার্যক্রম ত্বরান্বিত করা প্রয়োজন ।

৩। সেফটি ইস্যু বিষয়ে মালিক পক্ষকে সচেতনতার লক্ষ্যে জানানো এবং তাদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জরুরী ।

এ পরিপ্রেক্ষিতে উপপরিচালক, বরিশাল বিভাগ, বরিশাল জানান উক্তবিষয় সমূহ অধিদপ্তরকে অবহিত করে আলোচনা পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

- **আব্দুল্লাহ আল মামুন, এক্সিকিউটিভ, এডিবি গ্রুপ জানান**

১। বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ফায়ার সেফটি আরো বাড়ানো দরকার ।

২। কোন বড় ভবন নির্মাণ করা হলে রাস্তার প্রশস্ততা বাড়ানো দরকার ।

এতদবিষয়ে উপপরিচালক বরিশাল বিভাগ, বরিশাল অবগত করেন শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে রাস্তাসহ ফায়ার সেফটি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভিন্ন প্রতিষ্ঠানে সার্ভে ও পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করেন । প্রয়োজনে নিকটস্থ ফায়ার স্টেশনে যোগাযোগের জন্য অনুরোধ করেন ।

- **আব্দুর রহমান , ফ্যাক্টরি ম্যানেজার, বেঙ্গল বিস্কুট লিমিটেড, বরিশাল ।**

১। প্রতিটি প্রতিষ্ঠানে নিরাপত্তা জোরদার করার জন্য ফায়ার সার্ভিস এর প্রশিক্ষণ দেয়া প্রয়োজন ।

উক্ত বিষয়ে উপপরিচালক বরিশাল বিভাগ, বরিশাল জানান প্রতিটি শিল্প প্রতিষ্ঠানে ফায়ার সার্ভিসের প্রশিক্ষণ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে । এক্ষেত্রে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে প্রশিক্ষণের জন্য আবেদন করলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ০২ (দুই) দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয় । সকল প্রতিষ্ঠানেকে উক্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য অনুরোধ করা হলো

অংশীজনের সভায় সকলকে উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রকাশের জন্য ধন্যবাদ জানিয়ে ভবিষ্যতে এ ধরনের সভায় অংশগ্রহণের অনুরোধ এবং উক্ত আলোচনায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের দায়িত্ব সঠিক ও সূচারুভাবে পালনের নির্দেশনা প্রদান করেন । সভায় অন্য কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রমের সমাপ্ত ঘোষনা করেন।

২৮/১২/২২

মোঃ মিজানুর রহমান, বিএফএম
উপপরিচালক

স্মারক নং-৫৮.০৩.১০০০.০০২.০৫.০১৫.১৭/ ৩০২২

তারিখঃ ০৩/০৯/২৯ বঙ্গাব্দ
২৮/১২/২২ খ্রিঃ

অনুলিপি:

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল/পটুয়াখালী।
৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সংশ্লিষ্ট.........................সকল।
৪. ফোরম্যান, বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
৫. সহকারী যোগাযোগ প্রকৌশলী, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।
৬. সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বরিশাল সদর/দক্ষিণ।
৭. মবিলাইজিং অফিসার, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল।